পানামার গাতুন লেকে বেড়াতে গিয়ে লাশ হলেন ৭ তরুণ-তরুণী

পানামার জগলাবৃত্ত গাতুন লেকে বেড়াতে গিয়ে বন্দুকধারীদের গুলিতে প্রাণ হারিয়েছেন সাত তরুণ-তরুণী।

স্থানীয় সময় শনিবার জলাধার থেকে লাশগুলো উদ্ধার করা হয়। এর পরই তাদের হত্যার রহস্য উদ্ঘাটনে নামে পুলিশ।

উদ্ধারকৃত মরদেহগুলোর মধ্যে রয়েছে চার তরুণী ও তিন তরুণ। এদের সবার বয়স ১৭ থেকে ২২ বছরের মধ্যে।

পানামার রাজধানী পানামা সিটির ৮০ কিলোমিটার উত্তরে অরণ্যবেষ্টিত গাতুন লেক থেকে তাদের মরদেহ উদ্ধার করা হয়।

১৪ জনের একটি দল লেকটিতে বেড়াতে গেলে অস্ত্রধারী দুই ব্যক্তি হামলা চালালে সাতজন পালিয়ে বাঁচলেও নিহত হন বাকি সাতজন।

হামলাকারী একজনকে গ্রেফতারের কথা জানিয়েছে পুলিশ। তবে কেন এ হামলা করা হয়েছে তা এখনও স্পষ্ট নয়। সূত্র-যুগান্তর

বিদেশগামীদের করোনার সনদ বাধ্যতামূলক

সরকারি নির্দেশ অনুযায়ী আগামী ২৩ জুলাই থেকে বাংলাদেশ থেকে আকাশ পথে বিদেশ গমনকারীদের জন্য কভিড-১৯ পরীক্ষার সনদ বাধ্যতামূলক করা হয়েছে। সে কারণে বিদেশ গমনেচ্ছু বিমান বাংলাদেশ এয়ারলাইনসের যাত্রীদেরকে সরকার ঘোষিত কভিট -১৯ পরীক্ষা সংক্রান্ত নির্দেশনাবলী প্রতিপালনের জন্য অনুরোধ করা হয়েছে।

বিমান বাংলাদেশ এয়ারলাইনসের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। এতে বলা হয়, গত ১২ জুলাই আন্তঃমন্ত্রণালয় সভায় বিদেশ

গমনেচ্ছু যাত্রীদের কোভিড-১৯ মুক্ত সনদ নিয়ে বিদেশ যেতে দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। সে কারণে বিদেশ গমনেচ্ছুদের সরকার ঘোষিত কোভিড-১৯ পরীক্ষা সংক্রান্ত নিম্নরূপ নির্দেশনাবলী প্রতিপালন করতে হবে।

নির্দেশনাবলী হলো- যাত্রার ৭২ ঘণ্টার পূর্বে কোনো নমুনা সংগ্রহ করা হবে না এবং যাত্রার ২৪ ঘণ্টা পূর্বে রিপোর্ট নেয়ার ব্যবস্থা করতে হবে; নমুনা প্রদানের সময় পাসপোর্টসহ যাত্রীদের বিমান টিকেট ও পাসপোর্ট উপস্থাপন এবং নির্ধারিত ফি পরিশোধ করতে হবে; কোভিড-১৯ পরীক্ষার নিমিত্তে নির্দিষ্টকৃত পরীক্ষাগার যে জেলায় অবস্থিত সে জেলার সিভিল সার্জন অফিসে স্থাপিত পৃথক বুথে তাদের নমুনা প্রদান করবেন; নমুনা প্রদানের পর থেকে যাত্রার সময় পর্যন্ত সংশ্লিষ্ট ব্যক্তি আবশ্যিকভাবে আইসোলেশনে থাকবেন; বিদেশ যাত্রীদের কোভিড-১৯ পরীক্ষা সনদ প্রাপ্তির জন্য ল্যাবে গিয়ে নমুনা প্রদানের ক্ষেত্রে ৩৫০০ টাকা এবং বাড়ি থেকে নমুনা সংগ্রহে ৪৫০০ টাকা ফি প্রদান করতে হবে।

বিজ্ঞপ্তিতে নমুনা পরীক্ষার জন্য ১৬টি সরকারি হাসপাতাল বা প্রতিষ্ঠানের তালিকা দেয়া হয়। হাসপাতালগুলো হলো, বরিশালের শের-ই-বাংলা মেডিকেল কলেজ, চট্টগ্রামের বাংলাদেশ ইনস্টিটিউট অব ট্রপিক্যাল অ্যান্ড ইনফেকশাস ডিজিসেস, কক্সবাজার মেডিক্যাল কলেজ, কুমিল্লা মেডিক্যাল কলেজ, ঢাকার ন্যাশনাল ইনস্টিটিউট অব ল্যাবরেটরি মেডিসিন অ্যান্ড রেফারেল সেন্টার, জনস্বাস্থ্য ইনস্টিটিউট,

জাতীয় প্রতিষেধক ও সামাজিক চিকিৎসা প্রতিষ্ঠান, নারায়ণগঞ্জ ৩০০ শয্যা হাসপাতাল, খুলনা মেডিক্যাল কলেজ, কুষ্টিয়া মেডিক্যাল কলেজ, ময়মনসিংহ মেডিক্যাল কলেজ, বগুড়ার শহীদ জিয়াউর রহমান মেডিক্যাল কলেজ, রাজশাহী মেডিক্যাল কলেজ, দিনাজপুরের এম আবদুর রহিম মেডিক্যাল কলেজ, রংপুর মেডিক্যাল কলেজ এবং সিলেট এম এ জি ওসমানী মেডিক্যাল কলেজ।

বিমানবন্দর সূত্র জানায়, ইতোমধ্যে মন্ত্রণালয় থেকে এ সংক্রান্ত নির্দেশনা দেশের তিন আন্তর্জাতিক বিমানবন্দর (ঢাকা, সিলেট, চট্টগ্রাম) এবং দেশি-বিদেশি এয়ারলাইন্সগুলোতে পাঠানো হয়েছে।

সূত্র- বিডি-প্রতিদিন

[redacted]

[redacted]

[redacted]

[

হিন্দু পুণ্যার্থীদের ভারত ছেড়ে নেপাল যেতে হবে ?

হিন্দু পুণ্যার্থীদের ভগবান রামের পুণ্য জন্মভুমি দর্শনে এখন ভারত ছেড়ে নেপাল যেতে হবে? পৃথিবীর এক সময়ের ঘোষিত একমাত্র হিন্দু রাষ্ট্র নেপালের বর্তমান প্রধানমন্ত্রীর বক্তব্যে সেকথাই ফুটে উঠে ।

নেপালের প্রধানমন্ত্রী পিকে শর্মা ওলির দেওয়া বিতর্কিত মন্তব্যের প্রতিবাদে ঢাকায় মানববন্ধন করেছে জাগ্রত হিন্দু সমাজ। শুক্রবার দুপুরে জাতীয় প্রেসক্লাবের সামনে এ মানববন্ধন অনুষ্ঠিত হয়।

নেপালের প্রধানমন্ত্রী ওলির দেয়া বক্তব্যকে বিভ্রান্তিমূলক উল্লেখ করে মানববন্ধন থেকে এর তীব্র নিন্দা জানানো হয়। সংগঠনটির দাবি, অদৃশ্য শক্তির প্ররোচনায় ভগবান রামের জন্মভূমি নিয়ে বিভ্রান্তি ছড়ানো হয়েছে। সেই সঙ্গে ধর্মকে রাজনীতি থেকে আলাদা করার দাবি জানায় সংগঠনটি। এসময় ভারত বাংলাদেশের বন্ধুত্ব আরও দৃঢ় করার আহ্বান জানান সংগঠনের নেতারা।

সম্প্রতি প্রধানমন্ত্রী ওলি এক বক্তব্যে বলেন, ভারতের অযোধ্যায় নয়, রামের জন্মভুমি নেপালের অযোধ্যায় । তিনি বলেন, ‘অযোধ্যা নেপালে অবস্থিত, আর রাম ছিলেন নেপালি রাজপুত্র’। ওলির দেওয়া এমন মন্তব্যের বিরুদ্ধে জাতীয় ও আন্তর্জাতিকভাবে বিরোধিতা শুরু হয়।

নেপালের প্রধানমন্ত্রী পিকে শর্মা ওলির এমন মন্তব্যের বিরোধিতা করেন সেদেশটির কমিউনিস্ট পাটির্ও। সংগঠনটি প্রধানমন্ত্রী ওলিকে অচিরেই ক্ষমা চাওয়ার অনুরোধ জানান।

লাদাখে সত্যিই পিছিয়েছে চীনা সেনা? ১০ দিনে খতিয়ে দেখবে ভারত

লাদাখে সত্যিই কতটা পিছিয়ে গেল চীনা সেনা? আগামী ১০ দিন ধরে তা খতিয়ে দেখবে ভারত। চীনের তৈরি বাঙ্কার, তাঁবু ও অন্যান্য নির্মাণ কতটা চীনা বাহিনী সরিয়ে নিয়েছে, তা খতিয়ে দেখ ভারতীয় সেনা।

চীন ও ভারতের মধ্যে পরবর্তী সেনা কমান্ডার স্তরের বৈঠকের আগে এই বিষয়টি পর্যালোচনা করে দেখতে ভারত।

জুলাই মাসের শুরু থেকেই লাদাখের প্যাংগং লেকের ধার থেকে পিছাতে শুরু করেছে চীন। এই পিছিয়ে যাওয়ার কাজ সম্পূর্ণ বৃহস্পতিবার ভারতীয় সেনার তরফে একটি অফিসিয়াল বিবৃতি প্রকাশ করে জানানো হয়, ‘ভারত ও চীন সেনা প্রত্যাহারের বিষয়ে সিদ্ধান্ত নিয়েছে। ধাপে ধাপে এই প্রক্রিয়া সম্পন্ন হবে এবং বিভিন্ন স্তরে ভেরিফিকেশনের প্রয়োজন পড়বে।’

এর পরেই ভারতীয় সেনার ১৪ কর্পস কমান্ডার লেফটেন্যান্ট জেনারেল হরিন্দর সিং এবং চীনের সাউথ জিনজিয়াং মিলিটারি ডিস্ট্রিক্ট চিফ মেজর জেনারেন লিউ লিনের মধ্যে পঞ্চম দফার বৈঠক হবে। এই বৈঠকের পরই চীনের পুরোপুরি পিছিয়ে যাওয়ার কাজ সম্পূর্ণ হবে বলে আশা করা হচ্ছে।

ভারতীয় সেনা বাহিনীর এক বিশেষ সূত্রে জানানো হয়েছে, ‘পিপলস লিবারেশন আর্মি গত ১৪ জুলাই চতুর্থ দফার বৈঠকের পরেই প্যাংগং এবং গোগরা-হট স্প্রিং এলাকা থেকে পিছিয়ে যাওয়ার বিষয়ে ইচ্ছে প্রকাশ করে। তবে রাজনৈতিক-সেনা হায়ারার্কি এর সঙ্গে জড়িত। তাই কাজে কতটা ফলপ্রসু হয় সেদিকেই এখন আমাদের নজর রয়েছে।’

বৃহস্পতিবার ভারতীয় সেনার তরফে একটি অফিসিয়াল বিবৃতি প্রকাশ করে জানানো হয়, ‘ভারত ও চীন সেনা প্রত্যাহারের বিষয়ে সিদ্ধান্ত নিয়েছে। ধাপে ধাপে এই প্রক্রিয়া সম্পন্ন হবে এবং বিভিন্ন স্তরে ভেরিফিকেশনের প্রয়োজন পড়বে।’ ১৪ জুলাই দুই দেশের বৈঠকের ফল কী হল, তা নিয়ে কাটাছেঁড়া করতে উচ্চ ক্ষমতাসম্পন্ন চায়না স্টাডি গ্র◌ুপ আলোচনায় বসে। এই গ্র◌ুপে আছেন জাতীয় নিরাপত্তা উপদেষ্টা

অজিত দোভাল, পররাষ্ট্রমন্ত্রী এস জয়শংকর এবং সেনা প্রধান জেনারেল এমএম নারাভানে। এই গ্র◌ুপের আলোচনার পরেই এই বিবৃতি প্রকাশ করা হয়।

ভারত চায় চীনা সেনা যেন অন্তত আট কিলোমিটার পিছিয়ে যায়। ফিংগার ৮ পর্যন্ত যাতে চীন পিছিয়ে যায় তেমনই চেষ্টা করছে ভারত। ভারতীয় সেনাও পশ্চিম দিকে ফিংগার ২ এবং ফিংগার ৩ পর্যন্ত পিছিয়ে গিয়েছে। ভারতীয় সেনাকে পেট্রলিং পয়েন্ট ১০, ১১, ১২ এবং ১৩-র দিকে যেতে যে ভাবে চীনা সেনা বারবার বাধা দিচ্ছে, সেটাও ভারতের পক্ষে চিন্তার বিষয়। এই পেট্রলিং পয়েন্ট ১০, ১১, ১২ এবং ১৩ ডেপসাং প্লেইন নামে পরিচিত। গালওয়ানের উত্তরে এই এলাকা টেবিলের মাথার মতো দেখতে। ভারত চায় ডেপসাং এলাকায় দুই দেশের সেনা একে অন্যের পেট্রোলিং-এ বাধা দেবে না।

সূত্র: এইসময়।

চীন-ভারতের লোকজনকে ভালোবাসি: ট্রাম্প

চীন ও ভারতের লোকজনের সঙ্গে শান্তি বজায় রাখতে সম্ভাব্য সব কিছু করতে চান মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। তার মুখপাত্রের বরাতে ভারতীয় গণমাধ্যম এনডিটিভি এমন খবর দিয়েছে।

গত কয়েক সপ্তাহে চীনের বিরুদ্ধে ভারতকে সমর্থন দিয়ে আসছে ট্রাম্প প্রশাসন।

বৃহস্পতিবার হোয়াইট হাউসের প্রেসসচিব কাইলি ম্যাককেনানি সাংবাদিকদের জানান, তিনি (ট্রাম্প) বলেছেন– আমি ভারতের নাগকিরদের ভালোবাসি এবং আমি চীনের নাগরিকদের ভালোবাসি। দুদেশের লোকজনের মধ্যে শান্তি বজায় রাখতে সম্ভাব্য সব কিছু করতে চাই আমি।

ভারতের প্রতি ট্রাম্পের বার্তা সম্পর্কে জানতে চাইলে কাইলি এমন কথা বলেন। সম্প্রতি লাদাখে প্রকৃত নিয়ন্ত্রণরেখায় চীন-ভারতের

মধ্যে অচলাবস্থা দেখা গেছে।

এর একদিন আগে ভারতকে বড় মিত্র হিসেবে আখ্যায়িত করেছেন হোয়াইট হাউসের অর্থনৈতিক উপদেষ্টা ল্যারি কুডলো। এ সময় ভারতীয় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিকে প্রেসিডেন্ট ট্রাম্পের মহান বন্ধু বলে উল্লেখ করেন তিনি।

বুধবার মার্কিন পররাষ্ট্রমন্ত্রী মাইক পম্পেও বলেন, যুক্তরাষ্ট্রে বড় অংশীদার ভারত। তারা আমাদের গুরুত্বপূর্ণ অংশীদার। ভারতীয় পররাষ্ট্রমন্ত্রীর সঙ্গে আমার ভালো সম্পর্ক রয়েছে।

আর ইউরোপ সফরে মার্কিন জাতীয় নিরাপত্তা উপদেষ্টা রবার্ট ও’বেইন সাংবাদিকদের বলেন, ভারতের সঙ্গে চীন খুবই আগ্রাসী।

তিনি আরও বলেন, ভারত একটি গণতন্ত্রের দেশ। যুক্তরাষ্ট্রের বড় বন্ধু। মোদির সঙ্গে ট্রাম্পের চমৎকার সুসম্পর্ক রয়েছে। সূত্র-যুগান্তর

করোনায় আক্রান্ত বড় ভাই, কোয়ারেন্টাইনে সৌরভ গাঙ্গুলি

করোনাভাইরাসে আক্রান্ত হয়েছেন ভারতীয় ক্রিকেট বোর্ডের প্রেসিডেন্ট সৌরভ গাঙ্গুলির বড় স্নেহাশিষ গাঙ্গুলি।

বুধবার ক্রিকেট অ্যাসোসিয়েশন অব বেঙ্গলের (সিএবি) যুগ্ম সচিব স্নেহাশিষ গাঙ্গুলির শরীরে মিলেছে প্রাণঘাতী করোনাভাইরাসের উপস্থিতি।

গত কয়েকদিন ধরেই জ্বর ছিল স্নেহাশিসের। ৯৯-১০০ ডিগ্রি ফারেনহাইট থাকছিল তাপমাত্রা। বুধবার তার লালারস পরীক্ষা করা হয়। রাতের দিকে তার রিপোর্ট পজিটিভ আসে। তারপর তাকে ভর্তি করা হয় এক হাসপাতালে। ফের তার লালারসের নমুনা পরীক্ষা করে দেখা হবে।
এদিকে বড় ভাইয়ের করোনা ধরা পড়ার পর সৌরভ গাঙ্গুলি নিজেকে বন্দী

করেছেন হোম কোয়ারেন্টাইনে।

গত ৮ জুলাই জন্মদিন ছিল সৌরভের। সেখানে পরিবারের সকল সদস্যই ছিলেন উপস্থিত। দেখা হচ্ছে, সম্প্রতি স্নেহাশিস কাদের সংস্পর্শে এসেছেন, সেটাও। এদিকে, শুক্রবার বোর্ডের অ্যাপেক্স কাউন্সিলের বৈঠক রয়েছে। সেখানে বোর্ড প্রেসিডেন্ট সৌরভ সম্ভবত বাড়ি থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে যোগ দেবেন।

এর আগে স্নেহাশিসের স্ত্রী ও তার মা করোনায় আক্রান্ত হয়েছিলেন। তখন স্নেহাশিসেরও করোনা আক্রান্ত হওয়ার খবর ছড়িয়ে পড়েছিল। কিন্তু সেই খবরকে উড়িয়ে দিয়েছিলেন খোদ স্নেহাশিস। তবে এবার তার রিপোর্ট এল পজিটিভ।

সূত্র – বিডি প্রতিদিন

রিয়ালের শিরোপা জয়ের দিনে হেরেই গেল বার্সা

এক ম্যাচ হাতে রেখেই স্প্যানিশ ফুটবল লিগের শিরোপা জিতল রিয়াল মাদ্রিদ। লিগের ৩৭তম রাউন্ডের ম্যাচে ভিয়ারিয়ালকে ২-১ গোলে হারিয়ে শিরোপা জয় নিশ্চিত করেছে জিনেদিন জিদানের শিষ্যরা। এটি রিয়ালের ৩৪তম লিগ শিরোপা। দুই মৌসুম পর আবারও শিরোপা পুনরুদ্ধার করলো গ্যালাকটিকোরা।

এদিকে, একই সময়ে লিগের অন্য ম্যাচে ওসাসুনার কাছে ২-১ গোলে হেরে গেছে বার্সেলোনা। ক্যাম্প নউয়ে শেষ সময়ের গোলে নাটকীয় জয় পেয়েছে ওসাসুনা। বৃহস্পতিবার (১৬ জুলাই) দিনগত রাতে ক্যাম্প নউয়ে ম্যাচের শুরু থেকেই বার্সাকে চেপে ধরে ওসাসুনা।

আক্রমণাত্মক ফুটবলের ফল দ্রুতই পায় দলটি। ধারে খেলতে আসা দুই খেলোয়াড়ের নৈপুণ্যে ষোড়শ মিনিটে এগিয়ে যায় সফরকারীরা। ডিফেন্ডার এস্তুপিনানের ক্রস থেকে বল পেয়ে ডান পায়ের শটে বল জালে জড়ান সাবেক বার্সা মিডফিল্ডার হোসে আরনাইস।

বিরতির পর সমতায় ফেরে কাতালানরা। ৬২ মিনিটে ফ্রি-কিক থেকে অসাধারণ এক গোল করে বার্সেলোনাকে ১-১ গোলে সমতায় ফেরান বার্সা অধিনায়ক।

৭৭ মিনিটে বিপদে পড়ে ওসাসুনা। ফাউল করায় ওসাসুনার এনরিক গ্যালিগোকে ভিডিও রেফারি সহায়তা নিয়ে লাল কার্ড দেখান রেফারি। ১০ জনের দলে পরিনত হয় ওসাসুনা। এরপর যোগ করা সময়ে এনরিকে বারহার দারুণ ক্রসে আবার ওসাসুনাকে এগিয়ে নেন রবের্তো তরেস।

এই পরাজয়ে দ্বিতীয় স্থানে থাকা বার্সেলোনার পয়েন্ট ৩৭ ম্যাচে
৭৯। আর সমান ম্যাচে শিরোপা নিশ্চিত করা রিয়ালের পয়েন্ট ৮৬।

সূত্র – বিডি প্রতিদিন

কাতার বিশ্বকাপের নজিরবিহীন সূচি, একদিনে ৪ ম্যাচ!

অনেক প্রতীক্ষার পর অবশেষে কাতার বিশ্বকাপ-২০২২ এর চূড়ান্ত সূচি ঘোষণা হল। বুধবার নিজেদের অফিসিয়াল টুইটার হ্যান্ডলে বিশ্বকাপের চূড়ান্ত সূচি ও শুরুর তারিখটি জানিয়েছে বিশ্ব ফুটবলের নিয়ন্ত্রক সংস্থা (ফিফা)।

আর সেই সূচি দেখেই হতচকিত হয়ে পড়েছেন বিশ্বব্যাপী ফুটবলপ্রেমীরা। কেননা একদিনেই বিশ্ব দেখবে চারটি করে ম্যাচ। তাও আবার মাত্র ১১ ঘণ্টার মধ্যে!

ফিফা জানিয়েছে, গ্রুপ পর্বে প্রতিদিন চারটি করে ম্যাচ অনুষ্ঠিত হবে।
এমন সূচিকে নজিরবিহীন বলে আখ্যা দিচ্ছেন অনেকেই। বিগত আসরগুলোতে এমন সূচিতে খেলা পড়েনি।

সূচি অনুযায়ী, ২০২২ সালের ফুটবল বিশ্বকাপের পর্দা উন্মোচন হবে ২১ নভেম্বর কাতারের রাজধানী দোহা সিটির আল বাইত স্টেডিয়ামে। স্থানীয় সময় দুপুর ১টায় প্রথম ম্যাচ শুরু হবে। চতুর্থ ম্যাচটি

শুরু হবে রাত ১০টায়। ৩২ দলের এই বৈশ্বিক টুর্নামেন্ট শেষ হবে মাত্র ২৮ দিনেই। অর্থাৎ ফাইনাল ম্যাচটি হবে একই বছরের ১৮ ডিসেম্বর লুসাইল স্টেডিয়ামে।

জানা গেছে, আল বাইত স্টেডিয়ামের দর্শক ধারণ ক্ষমতা ৬০ হাজার। আর ফাইনালের ভেন্যু লুসাইল স্টেডিয়ামে দর্শক ধারণ ক্ষমতার ৮০ হাজার।

ফিফা কর্তৃপক্ষ জানিয়েছে, মাত্র ১১ ঘণ্টার ব্যবধানে চার ম্যাচ অনুষ্ঠিত হওয়ার বিষয়ে কোনও সমস্যা হবে না। দোহার আশেপাশে স্টেডিয়ামগুলো অবস্থিত। দূরত্ব কম হওয়ায় একই দিনে চাইলে মাঠে গিয়ে কয়েকটি ম্যাচ উপভোগ করতে পারবেন ফুটবলপ্রেমীরা।

কাতার বিশ্বকাপের আয়োজক কমিটির প্রধান নির্বাহী নাসের আল খাতের জানিয়েছেন, বিশ্বকাপ আয়োজনের কাজ দারুণ গতিতে এগিয়ে চলছে এবং রাস্তা ও অবকাঠামোর ৯০ শতাংশ কাজ সম্পন্ন হয়েছে।

এদিকে জানা গেছে, কাতার বিশ্বকাপ এশিয়া অঞ্চল বাছাইয়ের খেলা আগামী অক্টোবরে শুরু হবে। বাছাই প্রক্রিয়া শেষে আগামী বছর মার্চ-এপ্রিলে হবে ড্র। এরপর নির্দিষ্ট ম্যাচের ভেন্যু ও সময় নির্ধারণ করা হবে।

তথ্যসূত্র: বিডি প্রতিদিন

স্বামীকে ডিভোর্স দিয়ে সৎছেলেকে বিয়ে করলেন রাশিয়ান ব্লগার

রাশিয়ার ক্রাসনোদার ক্রাই-এ বসবাস করেন মারিনা বালমাশেভা। সামাজিক যোগাযোগমাধ্যমে বেশ জনপ্রিয় তিনি। মারিনা সম্প্রতি তার সৎছেলেকে বিয়ে করেছেন। ফলে এতদিন যিনি তার কার্যত সন্তান ছিলেন এখন তিনিই তার স্বামী। এমনকি নতুন এই সম্পর্কে তারা একটি সন্তানেরও জন্ম দিতে চলেছেন বলে জানা গিয়েছে।

২০০৭ সালে অ্যালেক্সি নামে এক ব্যক্তির সঙ্গে বিয়ে হয় মারিনার। অ্যালেক্সির এর আগে একটি বিয়ে ছিল। সেই বিয়ে ভেঙে যাওয়ার পর মারিনা তার জীবনে আসেন। মারিনার সঙ্গে যখন বিয়ে হয় তখন অ্যালেক্সির দু’টি ছেলে ছিল, যার মধ্যে এক জন ৭ বছরের ভ্লাদিমির ‘ভয়া’ শেভিরিন। অ্যালেক্সি ও মারিনা এক দশকের বেশি সময় ধরে সংসার করেন। এমনকি তারা চারটি সন্তান দত্তকও নেন।

স্থানীয় সংবাদ মাধ্যমের দাবি, মারিনা নিজের গর্ভে সন্তান চাইছিলেন। কিন্তু কোনও কারণে তা সম্ভব হয়নি। তা নিয়েই নাকি সম্পর্কে ফাটল ধরে। শেষ পর্যন্ত এক দশকের বেশি সেই দাম্পত্য ভেঙে বিচ্ছেদের সিদ্ধান্ত নেন মারিনা এবং অ্যালেক্সি।
অ্যালেক্সির সঙ্গে বিচ্ছেদ হয়ে গেলেও সৎছেলে ভ্লাদিমিরের সঙ্গে মারিনার নতুন এক সম্পর্ক তৈরি হয়। সেখান থেকে তারা বিয়ের সিদ্ধান্তও নেন। এখন জানা গেছে যে মারিনার গর্ভে ভ্লাদিমিরের সন্তানও এসেছে। তারা নাকি এই বছর গোড়ার দিকেই বিয়ে করবেন ঠিক করেছিলেন। কিন্তু করোনাভাইরাস ছড়িয়ে পড়ার জেরে তা সম্ভব হয়নি। অবশেষে বিয়ে রেজিস্ট্রি করেছেন তারা।

অ্যালেক্সির বয়স এখন ৪৫ বছর আর মারিনার ৩৫। ভ্লাদিমির যাকে মারিনা প্রায় সাত বছর বয়স থেকে দেখাশোনা করছেন সে এখন ২০ বছরের যুবক। অ্যালেক্সি বাকি মোট পাঁচ সন্তানকে নিজের কাছেই রাখার অনুমতি পেয়েছেন। মারিনা ওই সন্তানদের সঙ্গে দেখা করতে পেলেও তাদের নিয়ে বাইরে যেতে বা সোশ্যাল মিডিয়ায় কোনও ছবি ভিডিও শেয়ার করতে পারবেন না, এমনটাই নির্দেশ দিয়েছে সে দেশের চাইল্ড সার্ভিস।

সূত্র: বিডি প্রতিদিন